

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

নথি নং-৪৬.০০.৫৪০০.০১৭.৯৯.০০১.১৬-১৪৮

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২২
১৬ ফেব্রুয়ারি, ২০১৬

বিষয় : মাদারীপুর জেলার রাউজের উপজেলাধীন কদমবাড়ী ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর পত্র নং-৩৩/১, তারিখ : ২৮.০১.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাউজের উপজেলাধীন কদমবাড়ী ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫নং স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি অনুসরণপূর্বক প্রস্তাব প্রস্তুত করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ সয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক.	ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণীর মূল/সত্যায়িত ছায়ালিপি(উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
খ.	জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান এর মূল/নকলের কপি;
গ.	প্রস্তাবিত জমির অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ(ট্রেসিং পেপারে রঙ্গিন কালিদ্বারা চিহ্নিত করে);
ঘ.	সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রস্তাবিত জমির মৌজা, জেএলনং, খতিয়ান, দাগ এবং জমির পরিমাণ উল্লেখ করে বিস্তারিত তফসিল;
ঙ.	স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংশীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;
চ.	প্রস্তাবিত জায়গাটি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ, এবং
ছ.	স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক সত্যায়িত করে প্রেরণ।

(শরীফ আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
মাদারীপুর।

অনুলিপি :

১. কম্পিউটার প্রোগ্রামার,
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।